একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সংস্থাপন-১ শাখা
www.mole.gov.bd

নং-৪০.০০.০০০০.০২০.৪৭.০০১.২২-০৫

তারিখ: ২৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১১ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়: কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আওতায় "জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট"-এর ১৩ (তের) টি পদ অস্থায়ী ভিত্তিতে রাজস্বখাতে সৃজনের সরকারি মঞ্জুরি আদেশ জ্ঞাপন।**

আদিষ্ট হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৮-০৪-২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৫৩.১৫.০১৯.২২-৬৫ নং স্মারক, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, ব্যয় ব্যবস্থাপনা শাখা-৭-এর ২৪-০৫-২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১৫৭.১৫.০২২.২৩-৮১ নং স্মারক, বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন-১ অধিশাখা-এর ০৮-০৬-২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৪০.০০২.১৩-১০৯ নং স্মারক এবং মন্ত্রিপরিষদ বিভাগের ২১-১২-২০২৩ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০২৫.২৩-৩০২ নং পত্রে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ/সম্মতির পরিপ্রেক্ষিতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আওতায় "জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট"-এর অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজিত বিভিন্ন ক্যাটাগরির নিম্নবর্ণিত ১৩ (তের)টি পদ উল্লিখিত শর্তে সৃজনের সরকারি মঞ্জুরি আদেশ জ্ঞাপন করা হলো:

**পদের বিবরণ:**

| ক্র/নং | পদ নাম | পদ সংখ্যা (টি) | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাঃবেঃস্কেল, ২০১৫) | * নিয়োগের সম্ভাব্য শর্তাবলী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | যুগ্ম-মহাপরিদর্শক | ০১ | টা: ৪৩০০০-৬৯৮৫০ (গ্রেড-৫) | পদোন্নতির ক্ষেত্রে:<br>(ক) উপমহাপরিদর্শক পদে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের চাকরিসহ ৯ম গ্রেড বা তদুর্ধ্ব গ্রেডের পদে ১২ (বার) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে; এবং<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে ন্যূনতম স্নাতক বা সমমানে ডিগ্রি |
| ২ | উপমহাপরিদর্শক | ০৪ | টা: ৩৫৫০০-৬৭০১০ (গ্রেড-৬) | পদোন্নতির ক্ষেত্রে:<br>সহকারী মহাপরিদর্শক (সাধারণ), সহকারী মহাপরিদর্শক (সেফটি), সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য), পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, তথ্য ও গণসংযোগ কর্মকর্তা, আইন কর্মকর্তা বা লাইব্রেরিয়ান পদে ন্যূনতম ৭ (সাত) বৎসরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩ | সহকারী মহাপরিদর্শক (সাধারণ) | ০১ | টা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে প্রথম শ্রেণির বা সমমানের Cumulative Grading Point Average (সিজিপিএ)-এ স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>প্রশাসনিক কর্মকর্তা বা শ্রম পরিদর্শক (সাধারণ) পদের ন্যূনতম ৭ (সাত) বৎসরের চাকুরির অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) প্রশাসনিক কর্মকর্তা বা শ্রম পরিদর্শক (সাধারণ) পদের ন্যূনতম ১২ (বার) বৎসরের চাকুরির অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪ | সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য) | ০১ | টা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে এম.বি.বি.এস ডিগ্রি/সমমানের ডিগ্রি (যা, বিডিএমসি কর্তৃক রেজিস্ট্রেশনপ্রাপ্ত) |

| ক্র/নং | পদ নাম | পদ সংখ্যা (টি) | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাঃবেঃস্কেল, ২০১৫) | * নিয়োগের সম্ভাব্য শর্তাবলী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | **পদোন্নতির ক্ষেত্রে:** শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) পদে ন্যূনতম ৭ (সাত) বৎসরের চাকুরি। |
| ৫ | সহকারী মহাপরিদর্শক (সেইফটি) | ০২ | টা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, কেমিকেল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রি। **পদোন্নতির ক্ষেত্রে:** শ্রম পরিদর্শক (সেফটি) পদে ন্যূনতম ৭ (সাত) বৎসরের চাকুরি। |
| ৬ | শ্রম পরিদর্শক (সাধারণ) | ০১ | টা: ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি। অথবা দ্বিতীয় শ্রেণি/সমতুল্য সিজিপিএসহ ৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রিসহ কম্পিউটার পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষ হতে হবে। **পদোন্নতির ক্ষেত্রে:** প্রধান সহকারী, সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, কম্পিউটার অপারেটর, হিসাব রক্ষক বা পরিসংখ্যান সহকারী, উচ্চমান সহকারী বা সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদের ন্যূনতম ৮ (আট) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৭ | শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) | ০১ | টা: ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে প্রাণিবিদ্যা, রসায়ন, প্রাণরসায়ন, ফার্মাসী, মাইক্রোবায়োলজি বা উদ্ভিদবিদ্যা বিষয়ে দ্বিতীয় শ্রেণির সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি/সমতুল্য সিজিপিএসহ ৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৮ | শ্রম পরিদর্শক (সেইফটি) | ০২ | টা: ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, কেমিকেল ইঞ্জিনিয়ারিং বা কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা। |
| | মোট= | ১৩ | | |

**শর্তাবলি:**

(ক) উল্লিখিত পদের ব্যয়ভার কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আওতায় "জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট" সংশ্লিষ্ট খাত হতে বহন করা হবে। এ পদ সৃজনে প্রচলিত যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করা হয়েছে।

(খ) উপরের ছকের ৪নং কলামে নির্ধারণকৃত বেতনগ্রেড; ৫নং কলামে প্রদর্শিত নিয়োগ যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী কার্যকর হবে;

(গ) পদ সংরক্ষণ ও পদ স্থায়ীকরণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে।

(ঙ) মন্ত্রণালয়/বিভাগ/অফিসের বিদ্যমান টিওএন্ডই-তে নতুন সৃজিত পদ স্থায়ী/অস্থায়ী হিসাবে চিহ্নিতপূর্বক অন্তর্ভুক্ত করে টিওএন্ডই হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই-এর এক কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

(চ) স্থায়ী/অস্থায়ী পদসৃজনের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওএন্ডএম ম্যানুয়েলের অন্যান্য বিধি-বিধান অনুসরণ করতে হবে;

(ছ) যে সকল পদ নিয়োগ বিধিতে অন্তর্ভুক্ত নেই সে সকল পদ নিয়োগবিধিতে অন্তর্ভুক্ত করতে হবে;

(জ) নিয়োগের সম্ভাব্য শর্তাবলি নিয়োগ বিধিমালার মাধ্যমে যথাশীঘ্র চূড়ান্ত করতে হবে;

(ঝ) সচিব স্বাক্ষরিত খসড়া নিয়োগ বিধিমালা শীঘ্রই চূড়ান্ত করতে হবে;

(ঞ) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ কর্তৃক আরোপিত শর্তাদি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে;

(ট) এ বিষয়ে বিদ্যমান সকল বিধি-বিধান ও আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

স্বা:-
(মুহাম্মদ আশরাফ হোসেন)
উপসচিব
ফোনঃ ৮৮০২২২৩৩৫৭১৪০
section10@mole.gov.bd



CamScanner

নং-৪০.০০.০০০০.০২০.৪৭.০০১.২২-০৫ তারিখ: ২৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ / ১১ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি:

০৩ কপি পৃষ্ঠাংকনপূর্বক চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-এর নিকট কপি প্রেরণ করার জন্য অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১১/০১/২০২৪

(মুহাম্মদ আশরাফ হোসেন)
উপসচিব
ফোনঃ ৮৮০২২২৩৩৫৭১৪০
section10@mole.gov.bd

নং- ০৭.০০.০০০০.৪৫৭.১৫.০০৫.২৪-৬৫ তারিখ: 05/02/2024

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-তে প্রেরণ করা হলো। এতে ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

০৫.০২.২০২৪

(মোঃ আব্দুল গফুর)
সিনিয়র সহকারী সচিব
ব্যয় ব্যবস্থাপনা শাখা-৭
ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-৪০.০০.০০০০.০২০.৪৭.০০১.২২-০৫/১(১৭) তারিখ: ২৭ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ / ১১ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বিজয়নগর, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব, ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী।
৭। জেলা প্রশাসক, রাজশাহী।
৮। উপসচিব (বাজেট), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ এবং গেজেটের কপি প্রেরণের অনুরোধসহ)।
১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়াব সাইটে প্রকাশের জন্য অনুরোধ)।
১৩। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, রাজশাহী।
১৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। যুগ্মসচিব (সংস্থাপন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। অফিস কপি/গার্ড ফাইল।

(মুহাম্মদ আশরাফ হোসেন)
উপসচিব

CamScanner